

## তুরস্কের প্রেসিডেন্টের ভারতে রাষ্ট্রীয় সফর (৩০ এপ্রিল থেকে ১ মে, ২০১৭)

মহামান্য জনাব রিসেপ তায়িপ এদোর্গান, তুরস্ক প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট, ভারতে একটি রাষ্ট্রীয় সফর করবেন ৩০ এপ্রিল থেকে ১ মে, ২০১৭।

প্রেসিডেন্ট এদোর্গান-এর এটা দ্বিতীয়বার ভারত সফর। এর আগে তিনি প্রধানমন্ত্রী হিসাবে ২০০৮ সালে ভারত সফর করেছিলেন। এছাড়াও তিনি ২০১৫ সালে আন্তালায় জি- ২০ শিখর সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী মোদির সঙ্গে বৈঠক করেছিলেন।

সফরকালে প্রেসিডেন্ট এদোর্গান দিল্লি পৌঁছবেন ৩০ এপ্রিল। ১ মে সকালে রাষ্ট্রপতি ভবনে তাঁকে গার্ড অফ অর্নার দেওয়া হবে, এর পরই তিনি রাজঘাটে গান্ধীজীর সমাধিতে শ্রদ্ধা জানাবেন। ওই দিনই তাঁর অন্যান্য কর্মসূচির মধ্যে রয়েছে— প্রধানমন্ত্রী মোদির সঙ্গে একটা প্রতিনিধি পর্যায়ের বৈঠক এবং মহামান্য রাষ্ট্রপতিজির সঙ্গে বৈঠক, রাষ্ট্রপতি প্রেসিডেন্ট এদোর্গান-এর সম্মানার্থে একটি ভোজ সভার আয়োজন করবেন। প্রেসিডেন্ট এদোর্গানকে সাম্মানিক ডিগ্রি প্রদান করবে জামিয়া মিলিয়া ইসলামিয়া বিশ্ববিদ্যালয়। এছাড়াও মহামান্য উপ রাষ্ট্রপতি সাক্ষাৎ করবেন প্রেসিডেন্ট এদোর্গানের সঙ্গে। এছাড়াও পররাষ্ট্রমন্ত্রীও সাক্ষাৎ করবেন প্রেসিডেন্ট এদোর্গানের সঙ্গে। প্রেসিডেন্ট এদোর্গান দিল্লি ছাড়বেন ১ মে রাতে।

ভারত ও তুরস্কের মধ্যে বহু শতাব্দী ধরে ঘনিষ্ঠ, বন্ধুত্বপূর্ণ এবং গভীর সম্পর্ক বিদ্যমান। শিল্প ও স্থাপত্যের ক্ষেত্রে আমাদের দু'দেশের মধ্যে ঐতিহাসিক এবং সংস্কৃতিগত বন্ধন রয়েছে। সাম্প্রতিককালে উভয় দেশের নেতৃত্বের একে অন্যের দেশে সফর দ্বিপাক্ষিক সম্পর্ককে মজবুত করেছে। মহামান্য রাষ্ট্রপতিজি শ্রী প্রণব মুখোপাধ্যায় তুরস্ক সফর করেন অক্টোবর ২০১৩-তে।

প্রধানমন্ত্রী মোদি তুরস্ক সফর করেন জি ২০ সম্মেলনে, নভেম্বর,  
২০১৫ তে।

তুরস্ক এবং ভারতের মধ্যে দৃঢ় অর্থনৈতিক বন্ধন রয়েছে। তুরস্ক শিল্প  
ও ব্যবসায়ীদের প্রায় ১০০ জনের একটি বড় ব্যবসায়িক প্রতিনিধি দল  
প্রেসিডেন্ট এদোর্গানের সঙ্গে সফর করবে। সফরকালে ভারত ও  
তুরস্কের বাণিজ্যিক ফোরাম বৈঠকে মিলিত হবে।

দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ৬.৪ বিলিয়ন মার্কিন  
ডলার। তুরস্কে ভারতের প্রধান রফতানি পন্য হচ্ছে— বন্দু ও কাপড়,  
রাসায়নিক, ফার্মাসিউটিক্যালস, প্লাস্টিক পন্য, ঘন্টপাতি ও  
অটোমোটিভ। অন্যান্য ক্ষেত্রেও যেমন— নির্মান/ অবকাঠামো উন্নয়ন,  
পুনর্নির্বাচনযোগ্য শক্তি, পর্যটন ও চলচিত্র শুটিং-এ সহযোগিতার  
সুযোগ রয়েছে। বেশ কিছু সংখ্যক ভারতীয় কোম্পানি উৎপাদনের  
সুবিধা বা প্রকল্পে অংশগ্রহণের মাধ্যমে তুরস্কে তাদের উপস্থিতি প্রতিষ্ঠা  
করেছে। দু'দেশের মধ্যে বেশ কিছু সংখ্যক চুক্তি/ মউ আলোচনাধীন  
রয়েছে এবং এই সফরে সেগুলি স্বাক্ষরিত হবে।

নয়াদিল্লি

এপ্রিল ৩০, ২০১৭